

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ১৭, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০৩ জৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ / ১৭ মে ২০১৮ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৮.১৬৬—দশম জাতীয় সংসদের কুড়িগ্রাম-৩  
(উলিপুর) আসনের সংসদ-সদস্য এবং বিশিষ্ট রাজনীতিবিদ জনাব এ, কে, এম মাইদুল ইসলাম গত  
১১ মে ২০১৮ তারিখে ইন্টেকাল করেন (ইমালিল্লাহি ওয়া ইম্বাইলাই রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স  
হয়েছিল ৭৫ বছর।

২। জনাব এ, কে, এম মাইদুল ইসলামের মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও তাঁর রূহের মাগফেরাত  
কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার  
৩১ বৈশাখ ১৪২৫/১৪ মে ২০১৮ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ শফিউল আলম  
মন্ত্রিপরিষদ সচিব

( ৫৭৬৫ )  
মূল্য : টাকা ৪০০

## মন্ত্রিসভার শোকপ্রস্তাব

৩১ বৈশাখ ১৪২৫

ঢাকা: -----

১৪ মে ২০১৮

দশম জাতীয় সংসদের কুড়িগ্রাম-৩ (উলিপুর) আসনের সংসদ-সদস্য এবং বিশিষ্ট রাজনীতিবিদ জনাব এ, কে, এম মাইদুল ইসলাম গত ১১ মে ২০১৮ তারিখে ইত্তেকাল করেন (ইন্নালিল্লাহি ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৫ বছর।

জনাব এ, কে, এম মাইদুল ইসলাম ১৯৪৩ সালের ০১ মে আসামের কোকড়াড়াঙ্গায় জন্মগ্রহণ করেন। ছাত্রাবস্থায় কলেজে অধ্যয়নকালে তিনি সক্রিয় রাজনীতির সাথে সংশ্লিষ্ট হন। আইয়ুবিবিরোধী আন্দোলনে যোগ দিয়ে তিনি কারাভোগ করেন। শিক্ষাজীবন শেষে তিনি পারিবারিক ব্যবসা ‘কাসেম গুপ্ত অব ইন্ডাস্ট্রিজ’-এ যোগ দেন। তিনি তিনবার কুড়িগ্রাম-৩ আসনের সংসদ-সদস্য নির্বাচিত হন। জনাব মাইদুল ইসলাম বিভিন্ন সময়ে বেশ কয়েকটি মন্ত্রণালয়ের মন্ত্রী হিসাবে সুনামের সঙ্গে দায়িত্ব পালন করেন।

ব্যক্তিজীবনে জনাব এ, কে, এম মাইদুল ইসলাম ছিলেন জনদরদী, অমায়িক ও বন্ধুবৎসল একজন মানুষ। জনহিতৈষী এই রাজনীতিবিদ তাঁর উদারতা ও পরোপকারিতার জন্য এলাকায় বিপুল জনপ্রিয়তা অর্জন করেন। তিনি কুড়িগ্রামের উলিপুরে একশত শয্যাবিশিষ্ট ‘মরিয়ম চক্ষু হাসপাতাল’ প্রতিষ্ঠা করেন। এছাড়া, তিনি নারী ও শিশুর কল্যাণে ‘মাতৃমঙ্গল’ এবং ‘শিশুসেবা কেন্দ্র’ প্রতিষ্ঠা করেন। তিনি আয়ত্য বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক, শিক্ষামূলক ও উন্নয়নমূলক কর্মকাণ্ডের সঙ্গে নিজেকে নিবিড়ভাবে সম্পৃক্ত রেখেছিলেন।

বিশিষ্ট এ নেতার মৃত্যুতে দেশের রাজনৈতিক অঙ্গনে সৃষ্টি হল এক অপূরণীয় শূন্যতা।

মন্ত্রিসভা জনাব এ, কে, এম মাইদুল ইসলামের মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও তাঁর রূহের মাগফেরাত কামনা করছে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানাচ্ছে।